দৈনিক ইত্তেফাক

তারিখ ... 2-3 DEC 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫ ...

৩৩

# স্থগিত ফলাফল প্রকাশে কোন অগ্রগতি হয় নাই

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বোর্ডের ১৯৯৪ সালের এইচ,এস সি পরীক্ষায় স্থগিত ফলাফল প্রকাশের ব্যাপারে গতকালও (বৃহস্পতিবার) কোন অগ্রগতি হয় নাই। ফলাফল স্থগিতের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## স্থগিত ফলাফল

(১ম পৃঃ পর)

সুনির্দিষ্ট কারণও গতকাল পর্যন্ত উদ্‌ঘাটিত হয় নাই। ইহার জন্য বুয়েট কম্পিউটার সেকশনকে দায়ী করা হইতেছে। অথচ কম্পিউটার সেকশন ইহার দায়িত্ব অস্বীকার করিয়াছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন কর্মকর্তা জানান, বুয়েট কম্পিউটার সেকশনে প্রেরিত তথ্যের ভিত্তিতেই ফলাফল প্রস্তুত করা হইয়াছে। পরীক্ষার খাতায় নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন বসাইতে ভুল করায় অথবা নির্দিষ্ট ঘরে ওভাররাইটিং করায় কম্পিউটার কাজ করে নাই।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লতিফুর রহমান বলেন, স্থগিত ফলাফল প্রকাশের ব্যাপারে জোর তৎপরতা চলিতেছে। ২/১ দিনের মধ্যে স্থগিত ফলাফলের শতকরা ৬০/৭০ ভাগ কাজ সমাধা করা যাইবে।